

# সমকাল

## শাবিতে মৌন মিছিল শিক্ষকদের কর্মবিরতি প্রতীকী অবস্থান

১০ ঘণ্টা আগে

শাবি প্রতিনিধি



অধ্যাপক ড. মুহম্মদ জাফর ইকবালের ওপর হামলার প্রতিবাদে ও দোষীদের খুঁজে বের করে শান্তির দাবিতে গতকাল সোমবারও বিভিন্ন কর্মসূচি পালন করেছেন শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (শাবি) শিক্ষক-শিক্ষার্থীরা। গতকাল সোমবার সকালে কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং (সিএসই) এবং ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং (ইইই) বিভাগ মৌন মিছিল এবং শিক্ষক সমিতির ব্যানারে শিক্ষকদের কালো ব্যাজ ধারণ, দুই ঘণ্টার কর্মবিরতি ও প্রতীকী অবস্থান কর্মসূচি পালন করা হয়েছে। এ ছাড়া বিকেলে দিক থিয়েটারের আয়োজনে 'আততায়ীর খোঁজে ফাঙ্কদুনের পথে' শিরোনামে চার দিনব্যাপী প্রতিবাদী নাটক প্রদর্শন শুরু ও সন্ধ্যায় শাবির সম্মিলিত সাংস্কৃতিক জোটের আয়োজনে আলোকমিছিল অনুষ্ঠিত হয়েছে।

সকাল সাড়ে ১০টায় বিশ্ববিদ্যালয়ের এম এ ওয়াজেদ মিয়া আইসিটি ভবন থেকে মৌন মিছিল বের করেন সিএসই এবং ইইই বিভাগের শিক্ষক-শিক্ষার্থী ও কর্মচারীরা। মিছিলটি ক্যাম্পাসের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে কেন্দ্রীয় গ্রন্থাগার ভবনের সামনে এসে প্রতীকী অবস্থানে মিলিত হয়।

মৌন মিছিল ও প্রতীকী অবস্থানে উপস্থিত শিক্ষার্থীরা বলেন, 'খুব দ্রুত আমাদের প্রিয় জাফর ইকবাল স্যারের ওপর হামলার বিচার হতে হবে। এটি শুধু স্যারের ওপর হামলা নয়, সারাদেশের সবার ওপর হামলা।' এ সময় উপস্থিত ছিলেন সিএসই বিভাগের অধ্যাপক ড. মো. শহীদুর রহমান, অধ্যাপক ড. মো. রেজা সেলিম, অধ্যাপক ড. মো. জহিরুল ইসলাম, সহযোগী অধ্যাপক মো. মাসুম, সহকারী অধ্যাপক মো. সাইফুল ইসলাম, ইইই বিভাগের সহকারী অধ্যাপক মো. মেহেদী হাসান নাহিদ প্রমুখ।

এদিকে অধ্যাপক ড. মুহম্মদ জাফর ইকবালের ওপর নৃশংস হামলার নিন্দা, প্রতিবাদ এবং হামলাকারী ও হামলার সঙ্গে জড়িত চক্রের বিচার দাবিতে বেলা ১১টা থেকে দুপুর সোয়া ১টা পর্যন্ত কালো ব্যাজ ধারণ করে কর্মবিরতি ও প্রতীকী অবস্থান কর্মসূচি পালন করেছে শাবি শিক্ষক সমিতি। এ সময় তারা প্রশাসনিক ভবন-২ এর বাঁ পাশে ব্যানার টানিয়ে কর্মসূচি পালন করেন। শিক্ষক সমিতির এ কর্মসূচিতে অংশ নেন শাবি উপাচার্য অধ্যাপক ফরিদ উদ্দিন আহমেদ ও কোষাধ্যক্ষ অধ্যাপক ড. ইলিয়াস উদ্দিন বিশ্বাস, ছাত্র উপদেষ্টা ও নির্দেশনা পরিচালক অধ্যাপক ড. রাশেদ তালুকদার, শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক সৈয়দ হাসানুজ্জামান, সাধারণ সম্পাদক সহযোগী অধ্যাপক জহীর উদ্দিন আহমেদ, শিক্ষক সমিতির সাবেক সভাপতি অধ্যাপক ড. কবীর হোসেন প্রমুখ।

উপাচার্য অধ্যাপক ফরিদ উদ্দিন আহমেদ বলেন, বিশ্ববিদ্যালয় প্রশাসন শিক্ষক-শিক্ষার্থীসহ আমরা সবাই ক্যাম্পাসের নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করব। বড় ধরনের আঘাত থেকে ড. জাফর ইকবাল রক্ষা পাওয়ায় তিনি সৃষ্টিকর্তাকে ধন্যবাদ জানান।

বক্তব্যে শাবি শিক্ষক সমিতির সভাপতি সৈয়দ হাসানুজ্জামান বলেন, এই ক্যাম্পাসে মুক্তচিন্তা বন্ধ করে দেওয়া যাবে না। ক্যাম্পাসে নবীনবরণসহ সকল অনুষ্ঠান হবে নিয়মনীতি মেনেই। সবার নিরাপত্তা নিশ্চিতকরণের স্বার্থে একটি নিরাপত্তা নীতি তৈরি করার দাবি ইতিমধ্যে বিশ্ববিদ্যালয় প্রশাসনের কাছে জানানো হয়েছে।

শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক জহীর উদ্দিন আহমেদ বলেন, জাফর ইকবালের ওপর হামলা মানেই মুক্তিযুদ্ধের চেতনার ওপর হামলা। আমরা এ ধরনের হামলার তীব্র নিন্দা জানাচ্ছি। এ নৃশংস ঘটনার দ্রুত বিচার না হলে এ ধরনের হামলা বাড়তে পারে।

আজ মঙ্গলবার বেলা সাড়ে ১১টার দিকে ক্যাম্পাসের কেন্দ্রীয় গ্রন্থাগার ভবনের সামনে থেকে র?□□□লি করার ঘোষণা দেয় শাবি শিক্ষক সমিতি। শাবি শিক্ষক সমিতির সভাপতি সৈয়দ হাসানুজ্জামান সমকালকে এসব কর্মসূচির বিষয়ে নিশ্চিত করেছেন।

---

© সমকাল 2005 - 2017

সম্পাদক : গোলাম সারওয়ার । প্রকাশক : এ কে আজাদ

১৩৬ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ । ফোন : ৮৮৭০১৭৯-৮৫, ৮৮৭০১৯৫, ফ্যাক্স : ৮৮৭০১৯১, ৮৮৭৭০১৯৬, বিজ্ঞাপন : ৮৮৭০১৯০ । ইমেইল: info@samakal.com